

প্রমিজ, তোমার মন্দিরে ভেট চড়াবো জমকালো

দারিদ্রের অপরাধে তোমাকে নির্ধাতনে নাই বাধা,

পিটিয়ে লাশ বানাই, অথবা

গলায় ছুরি চালিয়ে চালান করি পরপারে,

কি যায় আসে –

বিবেক নামক দুষ্ক পোষ্য শিশুটি তখন

ফেনসিডিল টেনে ঝিমায়।

আমার বিত্ত আছে, তাই চিন্তের প্রয়োজন নাই,

টাকার গন্ধ ছড়িয়ে দিতে পারলে

মাছির মতো চারপাশে ভনভন করে

উড়তে থাকবে সবাই,

তোষামোদে খোশামোদে জুতার সুখতলা চাটতেও

অরাজি হবেনা হয়তো।

তুমি ডাষ্টবিনে পড়ে থাকো

কিংবা নর্দমায় তোমার রক্ত বয়ে থাক,

তোমার গন্ধ ছেড়ে যাবেনা তোমার লাশ।

যদি কোনদিন কেউ খুঁজে পায় ,

বেওয়ারিশ তোমাকে টেনে হিঁচড়ে নিয়ে যাবে ডোম

পুঁতে ফেলবে অজানা কোন গর্তে।

তুমি ছিলে অথবা নাই,

পৃথিবী থমকে যায়নি তোমাকে ছাড়া –

তাই তোমাকে নির্ধাতন করলে কোনও অপরাধ নাই।

হে ঈশ্বর,

দরিদ্রগুলোকে পায়ের নীচে রাখার সক্ষমতা দাও,

প্রমিজ, তোমার মন্দিরে ভেট চড়াবো জমকালো।

ঢাকা ঃ ২৮-১২-২০০৬ মুহম্মদ আবদুস সালাম